

ndc

নটরডেম এইচএসসি ভর্তি পরীক্ষা

এস.এস.সি. রেজাল্ট দেয়ার কিছুদিন পরেই কলেজ থেকে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশিত হবে। যা কলেজ ওয়েবসাইট ও আমাদের ফেইসবুক পেইজে জানানো হবে।

ভর্তির ফর্ম কিনার পর যে কাজটি করবেন, তা হল সবগুলো টেক্সট বই পড়া। অর্থাৎ যে বইটি আপনি এস.এস.সি. পরীক্ষার জন্য পড়েছেন, সেটি। আপনি যেই গ্রুপের (সাইন্স, আর্টস, কমার্স) যেই বিষয়গুলো পড়েছেন, সেগুলোই। যে বিষয়টি এস.এস.সি.তে ছিলনা, সেটি নতুন করে মোটেও পড়তে হবেনা। আবারও বলছি, এস.এস.সি. পরীক্ষার জন্য যা পড়েছেন, সেটিই। প্রশ্ন যেকোনোভাবে আসতে পারে। কিন্তু, এর বাইরে থেকে আসবেনা বা যা শিখে এসেছেন তার বাইরে থেকে আসবেনা। ধর্ম বিষয়ক প্রশ্ন কখনই হবেনা।

এম.সি.কিউ. বা বিষদ বর্ণনা অথবা উভয়ভাবেই আসতে পারে। এটা কলেজের ইচ্ছা। কেউ বলতে পারবেনা, এবার কি ধরনের প্রশ্ন আসবে। ২/৩ টি অঙ্কও (সাধারণ গনিত, উচ্চতর গনিত, হিসাববিজ্ঞান) থাকতে পারে। ক্যালকুলেটর, জ্যামিতিক বক্স বা অন্য সহায়ক কিছু নেবার ব্যাপারে কলেজ নোটিশে জানিয়ে দেয়া হবে। সাধারণত, এগুলো নেয়া নিষিদ্ধ থাকে।

৩০ মিনিটের পরীক্ষার পর হবে ভাইভা পরীক্ষা। ভাইভাতে পাঠ্য বিষয়ক প্রশ্ন ছাড়াও আপনাদের মানসিকতা ও বাহ্যিক জ্ঞানের পরীক্ষা হয়, যে প্রশ্ন কেউ আপনাকে শিথিয়ে দিতে পারবেনা।

একটি কথা সবাই মনে রাখবেন, কোন কোটিং এর ফাঁদে পা দিবেন না। নটর ডেমে চান্স পেতে তেমন কোন গাইডলাইনও দরকার নেই। টেক্সট বই যথেষ্ট। আপনি যা জানেন, তাই প্রকাশ করুন।

বিগত বছরের আলোকে এবারের আবেদন যোগ্যতা হতে পারে:

১. সাইন্স আবেদন করার সর্বনিম্ন যোগ্যতা : জিপিএ ৫
২. কমার্স এ আবেদন করার সর্বনিম্ন যোগ্যতা : জিপিএ ৪.৫০
৩. আর্টস এ আবেদন করার সর্বনিম্ন যোগ্যতা : জিপিএ ৩.৫০

* গ্রুপ পরিবর্তনকারীদের আবেদনের বিষয়ে:

১. সাইন্স থেকে আর্টস এ গ্রুপ পরিবর্তনের জন্য : জিপিএ ৪.০০
২. সাইন্স থেকে কমার্স এ গ্রুপ পরিবর্তনের জন্য : জিপিএ ৪.৫০
৩. কমার্স থেকে আর্টস এ গ্রুপ পরিবর্তনের জন্য : জিপিএ ৪.০০

তবে, উল্লিখিত ভর্তিযোগ্যতা এ বছর পরিবর্তিত হতে পারে। যারা বিষয় পরিবর্তন করতে চান (সাইন্স থেকে কমার্স/ আর্টস, কমার্স থেকে আর্টস), তাদেরকে তাদের এস.এস.সি.র বিষয়ের উপরই পরীক্ষা দিতে হবে।

আশা করছি, কথাগুলো নটর ডেম কলেজে ভর্তির ক্ষেত্রে আপনাদের সহায়তা করবে। শেয়ার করে বন্ধুদেরকে জানিয়ে দিন ।